

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১৪২/২০১৬

অভিযোগকারী : জনাব মোঃ আবদুল হক
পিতা-মৃত হাজী আবদুল হাকিম
ফিসারী রোড, কিশোরগঞ্জ ।

প্রতিপক্ষ : জনাব মোঃ মুখলেছুর রহমান
প্রধান শিক্ষক
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
সরকারী আদর্শ শিশু বিদ্যালয়, কিশোরগঞ্জ ।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ০৪-০৮-২০১৬ ইং)

অভিযোগকারী ২১-০৪-২০১৬ তারিখে (অভিযোগে উল্লিখিত তথ্য অনুযায়ী) তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মোঃ মুখলেছুর রহমান, প্রধান শিক্ষক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সরকারী আদর্শ শিশু বিদ্যালয়, কিশোরগঞ্জ বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

সরকারী আদর্শ শিশু বিদ্যালয় এর বার্ষিক প্রাথমিক বিদ্যালয় শুমারী (তথ্য সংগ্রহ) ছক ২০১৪, ২০১৫ ও ২০১৬ এর ফটোকপি ।

২। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরিত তথ্য প্রাপ্তির আবেদন গ্রহণ না করে ফেরৎ দেয়ায় অভিযোগকারী আপীল আবেদন না করেই ০১-০৬-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন ।

৩। ১০-০৭-২০১৬ তারিখের সভায় অভিযোগটি পর্যালোচনান্তে শুনানীর জন্য গ্রহণ করা হয় । অভিযোগের বিষয়ে ০৪-০৮-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয় । অদ্য ০৪-০৮-২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী গরহাজির কিন্তু দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির ।

৪। অভিযোগকারী গরহাজির থাকায় তার বক্তব্য পাওয়া যায় নি । প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, বিগত ০৩-০৫-২০১৬ তারিখে অভিযোগকারীর চাহিত তথ্যাদি রেজিস্ট্রি ডাকযোগে সরবরাহ করা হয়েছে ।

পর্যালোচনা

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর চাহিত তথ্যাদি সরবরাহ করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয় ।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

১। অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সরবরাহ করায়, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনাব মোঃ মুখলেছুর রহমান, প্রধান শিক্ষক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সরকারী আদর্শ শিশু বিদ্যালয়, কিশোরগঞ্জ কে অব্যাহতি দেয়া হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত

(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত

(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত

(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার